

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আন্তবিভাগ বিতর্কে চ্যাম্পিয়ন ইংরেজি বিভাগ

সুরাইয়া আতকার

২৩ অক্টোবর ২০১৯, ০০:১৬

আপডেট: ২৩ অক্টোবর ২০১৯, ০০:২২




সিইউডিএসের আন্তর্বিভাগ বিতর্ক প্রতিযোগিতায় অতিথিদের সঙ্গে জয়ীরা। কেন্দ্রীয় লাইব্রেরি মিলনায়তন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ছবি:

লেখক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় বিতর্ক সংগঠন চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি

(সিইউডিএস) আয়োজিত ‘ডিএনসি-সিইউডিএস আন্তর্বিভাগ বিতর্ক প্রতিযোগিতা’ শেষ হয়েছে।

ফাইনাল বিতর্ক শেষে সমাপনী অনুষ্ঠান মঙ্গলবার (২২ অক্টোবর) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ১৮ ও ১৯ অক্টোবর এ প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশ নিয়ে প্রিলিমিনারি রাউন্ড সম্পন্ন করেন।



বিতর্ক প্রতিযোগিতা উপলক্ষে মঙ্গলবার বেলা ১টায় কেন্দ্রীয় লাইব্রেরি মিলনায়তনে ‘জীবনকে ভালোবাসুন, মাদক হতে দূরে থাকুন’ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। এর আগে ক্যাম্পাসে মাদকবিরোধী শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

বাংলা সংসদীয় বিতর্কে চ্যাম্পিয়ন হয় ইংরেজি বিভাগের নূর ইসলাম বিপ্লব, অনিক আহমদ, রাজেস বিশ্বাস। বাংলা সংসদীয় বিতর্কে রানার্স আপ হয়েছেন শিক্ষা ও গবেষণা বিভাগের আরিফ শাহরিয়ার, পূজা দে, শরীফুল ইসলাম জুনায়েদ ও ব্রিটিশ পার্লামেন্টারি বিতর্কে চ্যাম্পিয়ন হয়েছেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের রেদোয়ান জাকির অন্ত ও শাহরিয়ার চৌধুরী এবং রানার্স আপ হয়েছে মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগের মরিয়ম জাহান ও ওমর খসরু সৌরভ।



বিতর্ক প্রতিযোগিতা উপলক্ষে মাদকবিরোধী শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। ছবি: লেখক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন ও সিইউডিএসের মডারেটর অধ্যাপক এ বি এম আবু নোমানের সভাপতিত্বে পুরক্ষার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. ফরিদ উদ্দীন আহমেদ, ব্যবসায় প্রশাসনের ডিন ড. এ এফ এম আওরঙ্গজেব, কলা ও মানববিদ্যা অনুষদের ডিন ড. এম সেকান্দার চৌধুরী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. জাকির হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিতি ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের অতিরিক্ত পরিচালক মো. মজিবুর রহমান পাটওয়ারী, চট্টগ্রাম অঞ্চলের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক এ কে এম শওকত ইসলাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ সহযোগী অধ্যাপক ড. আদনান মাঝান। অনুষ্ঠানে অতিথিরা বিজয়ী বিতর্কিকদের হাতে পুরক্ষার তুলে দেন।

সমাপনী অনুষ্ঠানে অতিথিরা মাদকদ্রব্যের ব্যাপকতা নিয়ে আশঙ্কা প্রকাশ করেন। পাশাপাশি তাঁরা মাদকদ্রব্য নিয়ন্ত্রণবিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য আয়োজিত এমন বিতর্ক প্রতিযোগিতাকে একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ মনে করেন।

এম সেকান্দার চৌধুরী বলেন, ‘আমাদের বাংলাদেশে এবং বিশ্বে সবচেয়ে ভয়াবহ বিষয় হচ্ছে মাদক। এবং এর দ্বারা সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছে যুবসমাজ।’



মাদকবিরোধী শোভাযাত্রায় অতিথি ও বিতর্কিকেরা। ছবি: লেখক

এ এফ এম আওরঙ্গজেব বলেন, ‘আমি যত দিন পর্যন্ত নিজেকে নিয়ন্ত্রণ করতে পারব বা তত দিন পর্যন্ত আইন কিছু করতে পারবে না। তাই মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য আইন প্রয়োগও প্রয়োজন এবং সবার নিজস্ব সচেতনতাও প্রয়োজন।’

ফরিদ উদ্দিন বলেন, জীবন উপভোগ করার জন্য বিতর্কের প্রয়োজন রয়েছে।

ডিএনসি-সিইউডিএস আন্তর্বিভাগ বিতর্ক প্রতিযোগিতার সার্বিক পৃষ্ঠপোষকতা করেছে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম। প্রতিযোগিতায় ইলেক্ট্রনিক মিডিয়া পার্টনার সময় টিভি, অনলাইন মিডিয়া পার্টনার বিডিনিউজটোয়েন্টিফোরডটকম, প্রিন্ট মিডিয়া বণিক বার্তা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি।

আয়োজনটির আহ্বায়ক হিসেবে আছেন সিইউডিএসের সাধারণ সম্পাদক মো. আরিফ হোসেন সুজন। যুগ্ম আহ্বায়ক সংগঠনের দণ্ডর সম্পাদক মরিয়ম জাহান সায়মা ও অ্যাসোসিয়েট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেক্রেটারি আবদুল্লাহ আল আসাদ।